



উত্তরা ব্যাংক লিমিটেড

ফকিরাপুল শাখা, ঢাকা।

অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) নং ধারার বিধান মতে

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধরনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মোঃ মনিরুল হক, মালিক: মেসার্স আলহাজ্ব মোস্তফা হার্ডওয়্যার, পিতা-মোকসুদ আলী, ঠিকানাঃ দোকান নংঃ ৬৪, কাব্যকাস সুপার মার্কেট, ৩-ডি, কাওরান বাজার, ঢাকা। তার মালিকানাধীন “মেসার্স আলহাজ্ব মোস্তফা হার্ডওয়্যার” নামীয় ব্যবসা প্রতিষ্ঠানের নামে উত্তরা ব্যাংক লিমিটেড, ফকিরাপুল শাখা, ঢাকা হতে টাকা ২৫.০০ লক্ষ টাকা সি.সি.(হাইপো) ঋণ গ্রহন করেন। ঋণের জামানত হিসেবে তার নিজ নামীয় নিম্নলিখিত তফসীলভুক্ত সম্পত্তি বন্ধক রাখেন। বার বার তলব তাগাদা দিয়াও ব্যাংক ঋণ গ্রহীতা/ বন্ধকদাতা/ জামিনদারদের নিকট হইতে ব্যাংকের পাওনা টাকা আদায় করিতে পারে নাই। ০৫/০৮/২০২০ ইং তারিখ পর্যন্ত হিসাব মতে তাহার নিকট ব্যাংকের ৩৫,৬৯,৭০০.৩৮ টাকা পাওনা হইয়াছে। ঋণ নেওয়ার সময় ঋণ গ্রহীতা/বন্ধকদাতা বন্ধকীকৃত সম্পত্তি বিক্রী করার ক্ষমতা ব্যাংক কে প্রদান করিয়াছেন। তার প্রদত্ত ক্ষমতা বলে এবং উল্লেখিত আইনের বিধান মতে নিম্ন তফসিল বর্ণিত স্থাবর সম্পত্তি বিক্রী করার জন্য সীল মোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে। আগ্রহী ক্রেতাগণ কর্তৃক আগামী ১৫/০৯/২০২০ ইং তারিখ বেলা ১(এক) ঘটিকার মধ্যে উত্তরা ব্যাংকের ফকিরাপুল শাখা, ঢাকায় রক্ষিত বাস্কে দরপত্র জমা করিতে অথবা “খামের উপর সম্পত্তি ক্রয় দরপত্র” লিখিয়া রেজিস্ট্রারি ডাকযোগে উক্ত ঠিকানায় প্রেরণ করিতে হইবে এবং ঐ দিন বেলা ৩(তিন) ঘটিকার সময় দরপত্র দাতা কিংবা তাহার প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে। দরপত্র অবশ্যই শর্তমুক্ত হইতে হইবে। বন্ধকী সম্পত্তি ক্রয়ের জন্য উত্তরা ব্যাংক লিমিটেড এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার এর মাধ্যমে নিম্নরূপ জামানত দরপত্রের সাথে দাখিল এবং বর্ণিত পরিশোধ সূচী অনুযায়ী বাকী টাকা পরিশোধ করিতে হইবে :-

দরপত্রের উদ্ধৃত মূল্য	জামানত	বাকী টাকা পরিশোধের সময়
অনূর্ধ্ব টাকা ১০,০০,০০০/-	২০%	দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৩০(ত্রিশ) দিন
টাকা ১০,০০,০০১/- হতে অনূর্ধ্ব টাকা ৫০,০০,০০০/-	১৫%	দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৬০(ষাট) দিন
টাকা ৫০,০০,০০০/- এর অধিক	১০%	দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৯০(নব্বই) দিন

দরপত্র গৃহীত হওয়ার পর উপরোল্লিখিত সময়ের মধ্যে বাকী টাকা পরিশোধে ব্যর্থ হলে জামানতের টাকা ব্যাংকের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। প্রকাশ থাকে যে, দরপত্রে উল্লিখিত মূল্য অপর্খীণ বা কম প্রতীয়মান হলে অথবা কোন কারণ দর্শানো ব্যতিরেকেই ব্যাংক কর্তৃপক্ষ যে কোন/সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

তফসিলভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধাসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান যথা সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান ইত্যাদি যে কোন পাওনা বা দাবী থাকলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব অত্র ব্যাংকের উপর বর্তাবে না। তাছাড়া দরপত্র দাতাকে রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচ, স্ট্যাম্প ডিউটি ও অন্যান্য গুরু যদি থাকে এবং দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হবে।

তফসিল

জিলা-ঢাকা, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস-ভৈরৱা, মৌজা-ডগাইর, জে.এল নং-সি.এস-৩৩০, এস.এ-১৬৪, আর.এস-২৭ এবং সিটি জরিপ-৩২, খতিয়ান নং-সি.এস.-৩৩৩, এস.এ-৪১৬, আর.এস-৪০ এবং সিটি জরিপ-৫১৩৪, সিটি জরিপ জোত নং-৫১৩৪, দাগ নং-সি.এস ও এস.এ-১৯৮, আর.এস-২০৯, সিটি জরিপ-২২২৪, জমির পরিমাণ-৩.২৫ শতক, শ্রেণী-আবাসিক জমিসহ টিনশেড ঘর। চৌহদ্দি-উত্তরে রাস্তা, দক্ষিণে মোঃ মাসুদুর রহমান, পূর্বে রাস্তা অতঃপর পিয়ারা বেগম, পশ্চিমে ডাক্তার হানিফ। উল্লেখ্য, সম্পত্তি ডগাইর বাজার চৌরাস্তা হতে পূর্ব পাশে মাতবর এন্টারপ্রাইজ অতিক্রম করে বাম দিকে ০৬ তলা পাকা দালানের পশ্চিম পাশে অবস্থিত।

আঞ্চলিক মহা-ব্যবস্থাপক

চেয়ারম্যান, টেন্ডার কমিটি।